দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUN 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬৮ কোটি টাকার বাজেট ঘোষণা

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৮-'৯৯ শিক্ষাবর্ষের জন্য ৪ কোটি টাকার ঘাটতিসহ ৬৮ কোটি টাকার বাজেট প্রণয়ন করা হইয়াছে। গতকাল (রবিবার) রাতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এই বাজেট আজ অনুষ্ঠিতব্য

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃঃ পর)

সিনেট অধিবেশনে পেশ করার জন্য অনুমোদন করে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকার হইতে ৬৬ কোটি টাকার অর্থায়ন হইবে এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে আসিবে ৯ কোটি টাকা। নয়া এই বাজেটে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন, অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ খাত ছাড়াও গবেষণা খাতে সর্বাধিক ১ কোটি ৭৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হইয়াছে। অতীতে কোন বাজেটে গবেষণা খাতে এত বেশী বরাদ্দ হয় নাই। ইহার বাহিরে সরকার বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি খাতে ২ কোটি ৪ লক্ষ টাকা ইতিমধ্যে অনুদান দিয়াছে।

জানা যায়, নয়া বাজেটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ছাত্র বেতন, সিট ভাড়া ও পরীক্ষার ফিস বাড়ান হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সম্পদ ও সম্পত্তি হইতেও অর্থায়ন হইবে।